আজ "পরিবেশ বিদ্যা-পরিবেশ রক্ষায় বিভিন্ন আন্দোলন " থেকে 50 টি প্রশ্ন ও উত্তর pdf সহ আলোচনা করা হল -

1) "বিশনয়" জনজাতি কোথায় বসবাস করেন ?
* Answer :- রাজস্থানের পশ্চিম দিকে মারওয়ার মরুভূমিতে ( যোধপুর)।

2) বিশনয়রা কবে বৃক্ষ বা গাছ রক্ষা করার জন্য অহিংস আন্দোলন করেছিলেন?
* Answer :-1730 খ্রিষ্টাব্দে।

3) ভারতের সম্ভব্য প্রথম পরিবেশ ও বৃক্ষ রক্ষা আন্দোলন কোন টি?
* Answer :- বিশনয় আন্দোলন ।

4) বিশনয়'রা কার বিরুদ্ধে বৃক্ষ বা গাছ রক্ষা করার জন্য অহিংস আন্দোলন করেছিলেন?
* Answer :- যোধপুরের মহারাজা অভয় সিংয়ের সেনার বিরুদ্ধে ।

5) বিশনয়'রা কেন আন্দোলন শুরু করেছিলেন?
* Answer :- রাজা অভয় সিংয়ের আদেশে বিসনয় সম্প্রদায় বসবাসকারী খেজুরি গ্রামে গাছ কেটে নতুন রাজপ্রাসাদ নির্মাণের প্রতিবাদে।

6) কত জন বিশনয়দের আন্দোলনে প্রাণ যায় ?
* Answer:- প্রায় 363 জনের।

7) বিশনয় আন্দোলনে প্রকৃতি কেমন ছিল?
*Answer :- গাছ জড়িয়ে ধরে গাছেকে রক্ষা করার চেষ্টা এবং শেষ পর্যন্ত গাছের সঙ্গেই মৃত্যু।

8) বিশনয় সম্প্রদায়ের লোকদের সমাজে পূজিত ও পবিত্র পশু কী ছিল?
* Answer :- কৃষ্ণসার হরিণ।

9) বিশনয় আন্দোলনের ফলাফল কী হয়েছিল?
* Answer :- রাজা অভয় সিং নতুন রাজপ্রাসাদ নির্মাণের বন্ধ করে দেন এবং নিজে ক্ষমা প্রার্থনা করেন, প্রায় 80 টি গ্রামের পশু, পাখি, গাছ ও মনুষের রক্ষার দায়িত্ব নেন।

10) বিশনয় আন্দোলনের প্রভাবে অনুপ্রাণিত হয়ে কোন কোন আন্দোলন হয়েছিল?
* Answer : - ভারতে চিপকো আন্দোলন ও এপিক্কো আন্দোলন সহ বিশ্বের বহু আন্দোলন ।

11) চিপকো আন্দোলন কবে হয়ে ছিল?
* Answer :- এপ্রিল মাসে 1973 খ্রিষ্টাব্দে।

12) চিপকো আন্দোলন কোথায় হয়েছিল?
* Answer :- পূর্বতন উত্তর প্রদেশ বর্তমানের উত্তরাখণ্ডের গাড়োয়াল জেলার মন্ডল গ্রামে।

13) চিপকো আন্দোলন কাদের দ্বারা হয়েছিল ?
* Answer :- চিপকো আন্দোলন প্রধানত মহিলাদের দ্বারা হয়েছিল।

14) "চিপকো" শব্দের অর্থ কী ?
* Answer :- জড়িয়ে ধরা বা আলিঙ্গন করা।



WWW.BENGALEDUCATIONGUIDE.COM

15) চিপকো আন্দোলন কোন কোন গ্রামে ছড়িয়ে পড়েছিল ?
* Answer :- চিপকো আন্দোলন মন্ডল গ্রামে, গোপেশ্বর গ্রামে ,গাড়ওয়াল গ্রামে, কুমায়ুন গ্রামে প্রভৃতি স্থানে ছড়িয়ে পড়েছিল।

16) চিপকো আন্দোলনের প্রধান নীতি কী ছিল?
* Answer :-চিপকো আন্দোলনে প্রধান নীতি ছিল গান্ধীজীর " অহিংসা নীতি" ।

17) চিপকো আন্দোলনের প্রধান নেতা কে ছিলেন?
* Answer :-চিপকো আন্দোলনের প্রধান নেতা ছিলেন সুন্দর লাল বহুগুনা ।

18) চিপকো আন্দোলনের আরেকজন বিখ্যাত নেতার নাম কী ?
* Answer :- শ্রী চণ্ডীপ্রসাদ ভাট।

19) চিপকো আন্দোলনে গান্ধীজীর কোন দুই জন শিষ্যা অপ্রত্যক্ষভাবে জড়িয়ে ছিলেন?
* Answer :- মীরাবেন ও সরলাবেন ।

20) কোথায় কোন অনুষ্ঠানে চিপকো আন্দোলন বিশ্ববাসীর কাছে ছড়িয়ে পড়ে ?
* Answer:- 1982 খ্রিস্টাব্দে লন্ডনের একটি অনুষ্ঠানে ।

21) চিপকো আন্দোলনের আদলে বিশ্বের কোন কোন দেশে আন্দোলন শুরু হয় ?
*Answer :- ফ্রান্স,জার্মানি ,সুইজারল্যান্ড সহ বহু দেশে চিপকো আন্দোলনের আদলে আন্দোলন শুরু হয় ।

22) সাইলেন্ট ভ্যালি আন্দোলন কোথায় শুরু হয়েছিল ?
* Answer :- কেরল রাজ্যের পালঘাট পাহাড়ি অঞ্চলের কুন্তী নদীর উপত্যকায়।

23) কারা সাইলেন্ট ভ্যালি আন্দোলন করেছিলেন ?
* Answer :-সাইলেন্ট ভ্যালি আন্দোলন করেছিলেন কেরল রাজ্যের এক স্বেচ্ছাসেবী সংগঠন ও কেরল রাজ্যের শাস্ত্রীয় সাহিত্য পরিষদ ।

24)" সাইলেন্ট ভ্যালি" শব্দের অর্থ কী?
* Answer :- নিস্তব্ধ এলাকা বা নিস্তব্ধ উপত্যকা বা নিস্তব্ধ অঞ্চল।

25) সাইলেন্ট ভ্যালি আন্দোলন কবে হয়েছিল ?
* Answer :- 1978 খ্রিস্টাব্দে।

26) কেন সাইলেন্ট ভ্যালি আন্দোলন হয়েছিল?
* Answer :- কুন্তি নদীর উপত্যকায় প্রায় 800 হেক্টর বনভূমির ওপর জলবিদ্যুৎ নির্মাণের প্রতিবাদে ।

27) এপিক্কো আন্দোলন কোথায় হয়েছিল ?
* Answer :- কর্ণাটক রাজ্যের সিরসি অঞ্চলের সলকানি বনাঞ্চলে।

28) এপিক্কো আন্দোলনের সূচনা কবে হয়েছিল ?
* Answer :-1983 খ্রিস্টাব্দে ।

29) এপিক্কো আন্দোলন কেন হয়েছিল ?
* Answer :- সাইলেন্ট ভ্যালি আন্দোলনের মতোই পরিবেশ সুরক্ষার জন্য এই আন্দোলন হয়েছিল।

30) এপিক্কো আন্দোলন কিরূপ আন্দোলন ছিল?
* Answer :- অহিংস আন্দোলন।



WWW.BENGALEDUCATIONGUIDE.COM

31) কবে নর্মদা বাঁচাও আন্দোলন শুরু হয়েছিল?
* Answer :- 1985 খ্রিস্টাব্দে নর্মদা বাঁচাও আন্দোলন শুরু হয়েছিল।

32) নর্মদা বাঁচাও আন্দোলনের প্রধান নেত্রী কে ছিলেন ?
* Answer :-নর্মদা বাঁচাও আন্দোলনের প্রধান নেত্রী ছিলেন মেধা পাটেকর ।

33) নর্মদা বাঁচাও আন্দোলন কেন শুরু হয়েছিল ?
* Answer :-গুজরাট ও মধ্যপ্রদেশ রাজ্যের নর্মদা নদীর সংলগ্ন উপত্যকায় লক্ষাধিক মানুষকে রক্ষার জন্য ।

34) কে নর্মদা বাঁচাও আন্দোলনকারী নেত্রীর সঙ্গে সহযোগী ছিলেন?
* Answer :-শ্রীমতি অরুন্ধতী রায় ।

35) নর্মদা বাঁচাও আন্দোলনকে সংক্ষেপে কি বলা হত ?
* Answer :- NBA (এনবিএ) আন্দোলন ।

36) নর্মদা বাঁচাও আন্দোলন কি সফল হয়েছিল ?
* Answer :- হ্যাঁ, আন্দোলন সফল হয়েছিল।

37) নর্মদা বাঁচাও আন্দোলন না হলে কী হত ?
* Answer :- নর্মদা নদীর সংলগ্ন গুজরাট ও মধ্যপ্রদেশে প্রায় 95 টি গ্রাম সম্পূর্ণভাবে এবং প্রায় 300 টি গ্রাম আংশিকভাবে ডুবে যেত ।

38) যৌথ বন ব্যবস্থাপনা বলতে কী বোঝো?
* Answer :- স্থানীয় জনগণ এবং সরকার মিলিতভাবে বনভূমি তৈরি করে এবং তার রক্ষা করে তাকে যৌথ ব্যবস্থাপনা (জয়েন্ট ফরেস্ট ম্যানেজমেন্ট) বলা হয়।

39) একটি যৌথ ব্যবস্থাপনার উদাহরণ দিন ?
* Answer :- পশ্চিমবঙ্গের পশ্চিম মেদিনীপুর জেলার আরাবাড়ি জঙ্গল।

40) আরাবাড়ি জঙ্গল কেন শেষ হয়ে যাচ্ছিল?
* Answer :- স্থানীয় মানুষজন জীবিকা পালোনের জন্য গাছপালা কেটে শেষ করে দিচ্ছিলেন ।

41) আরাবাড়ি জঙ্গল সৃষ্টিতে কে প্রধান ভূমিকা পালন করেছিলেন ?
* Answer :- শ্রী অজিত কুমার ব্যানার্জি।

42) অজিত কুমার ব্যানার্জি গ্রামবাসীকে বুঝিয়ে কোন গাছ লাগানো শুরু করেছিলেন?
*Answer :- শাল গাছ।

43) আরাবাড়ি জঙ্গলের বর্তমান অবস্থা কেমন?
* Answer :- আরাবাড়িতে একটি বিশাল বন তৈরি হয়েছে ।এটি পশ্চিমবঙ্গ নয় পুরো ভারতবর্ষের একটি যৌথ বন ব্যবস্থাপনার উল্লেখযোগ্য উদাহরণ।

44) পবিত্র মফলং বনভূমি কোথায় রয়েছে?
* Answer :-মেঘালয় রাজ্যের শিলং এর নিকটবর্তী স্থানে ।

45) কারা পবিত্র মফলং বনভূমিকে রক্ষা করছেন ?
* Answer :- মেঘালয়ের স্থানীয় খাসি, জয়ন্তিয়া প্রভৃতি জনজাতির মানুষজন।

**46) বনভূমি সংরক্ষণের দরকার আছে কী ?**

*** Answer :- হ্যাঁ ,বনভূমি সংরক্ষণে দরকার আছে ।**

**47) ভারতের কারা বনভূমি সংরক্ষণের জন্য বারবার এগিয়ে এসেছেন?**

*** Answer :- ভারতে বিভিন্ন স্থানের জনজাতি, শিক্ষিত ব্যক্তি, পরিবেশবিদগণ,বুদ্ধিজীবী ও সরকার পরিবেশ রক্ষার জন্য বারবার এগিয়ে এসেছেন।**

**48) পরিবেশ রক্ষা না করলে কি হবে?**

*** Answer :- প্রাকৃতিক বিভিন্ন দুর্যোগ সৃষ্টি হবে, যেমন-খরা ,বন্যা ইত্যাদি; মানুষ জাতির বিভিন্ন সমস্যা দেখা দেবে , মানুষের খাদ্য-বাসস্থান সমস্যা দেখা দেবে এবং বিভিন্ন জীবজন্তুও সংকটে পড়বে।**

**49) বন থেকে আমরা কি কি পেয়ে থাকি?**

*** Answer :- বন হল আমাদের প্রাকৃতিক সম্পদ। বন থেকে আমরা অক্সিজেন, ফল, ফুল ,পাতা, ভেষজ উদ্ভিদ, মধু ,মম ,মনুষ্য জাতির বিভিন্ন ধরনের প্রয়োজনীয় উপকরণ পেয়ে থাকি ।**

**50) বনভূমি কাদের বাসস্থান ?**

*** Answer :- ভারতের বিভিন্ন আদিবাসী বা জনজাতি বনভূমিতে বসবাস করেন। এছাড়াও বিভিন্ন জীব-জন্তু; যেমন-বাঘ, হাতি,হরিণ, গন্ডার; বিভিন্ন পাখি, যেমন- ময়ূর, চড়াই , ধনেশ ,টুনটুনি, চিল, বাজ প্রভৃতিও বনে বসবাস করে।**

**ont....**

**আজ কয়েকটি বাছাই করে কিছু প্রশ্ন ও উত্তর নিয়ে আলোচনা করা হয়েছে। পরে আরো বিস্তারিত আলোচনা করা হবে ।**

**প্রশ্ন ও উত্তর গুলি কেমন হয়েছে তা কমেন্টে বা মেল করে জানাবেন। এই প্রকার আরো অনেক প্রশ্ন ও উত্তর পাওয়ার জন্য ওয়েবসাইটে ভিজিট করুন ।**

**Thank you, Visit Again**

WWW.BENGALEDUCATIONGUIDE.COM